ভোরের কাগজ

তারিখ ... JAN. 1 0 1999 ...

পৃষ্ঠা ... কলাম ...

শ্রীমঙ্গল সরকারী উচ্চ বিদ্যালয়

# শিক্ষকের পাঁচটি পদ শূন্য, বেঞ্চের অভাবে ছাত্রীদের ক্লাস করতে হয় দাঁড়িয়ে

**বিশ্বজ্যোতি চৌধুরী, শ্রীমঙ্গল থেকে :** শিক্ষক স্বল্পতা, আসবাবপত্রের অভাব, স্থানসঙ্কুলান প্রভৃতি সমস্যায় শ্রীমঙ্গল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রীদের লেখাপড়া চরমভাবে ব্যাহত হচ্ছে। আসবাবপত্রের স্বল্পতার কারণে কম্বাইনড ক্লাসে ছাত্রীদের দাঁড়িয়ে ক্লাস করতে হচ্ছে।

সম্প্রতি বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বে নিয়োজিত সিনিয়র সহকারী শিক্ষক বিমান বিহারী দের সঙ্গে আলাপকালে তিনি জানান, বর্তমানে বিদ্যালয়ের ছাত্রীসংখ্যা ৫৩০। শিক্ষক-শিক্ষিকার পদ আছে ১৯টি; কর্মরত আছেন ১৪ জন; স্থানসঙ্কুলান না হওয়ায় এবং আসবাবপত্রের স্বল্পতার কারণে নতুন ছাত্রী ভর্তি করা যায় না। তিনি জানান, কম্বাইন্ড ক্লাসের সময় কিছুসংখ্যক ছাত্রীকে পিছনে দাঁড়িয়ে ক্লাস করতে হয়।

বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকসহ পাঁচজন শিক্ষকের পদ শূন্য রয়েছে। করণিক নেই ১৯৮৫ সাল থেকে। কোনো নৈশ প্রহরীও নেই। গত সেপ্টেম্বর '৯৮এ প্রধান শিক্ষিকা জ্যোৎস্না গোস্বামী অবসর নেওয়ার পর থেকে এখনো পর্যন্ত প্রধান শিক্ষক-শিক্ষিকা পদে কেউ নিয়োগ পাননি। '৮৫ সাল থেকে সহকারী শিক্ষক দীর্ঘ দুই বছর ধরে অনুপস্থিত রয়েছেন। এছাড়া যারা ইতিপূর্বে অবসরে গিয়েছেন তাদের স্থলে নতুন নিয়োগ হয়নি। ঊর্ধ্বতন কর্তৃপক্ষ এ পর্যন্ত তিনবার শূন্য পদের বিবরণ দিলেও কাউকে নিয়োগ দেওয়া হয়নি।